তারিখ 19 FEB 1990
পৃষ্ঠা 7 কলাম 6

02

## সরকারী কলেজ গ্রন্থাগারের সমস্যা

স্বাধীনতার পূর্ব হইতেই সরকারী কলেজ গ্রন্থাগার এবং গ্রন্থাগারিকগণ অবহেলিত অবস্থায় আছে। কোন গ্রন্থাগারেই প্রয়োজনীয়সংখ্যক কর্মচারী নাই। অদ্যাবধি কলেজ গ্রন্থাগারিকদের জন্য চাকুরীবিধি প্রণয়ন করা হয় নাই। চাকুরীর প্রধান আকর্ষণ পদোন্নতি। পদোন্নতি ছাড়া কাজের দক্ষতা ও অভিজ্ঞতার প্রকাশ যেমন ঘটে না, তেমনি সেই চাকুরীতেও কোন আকর্ষণও থাকে না। দীর্ঘ ২৩/২৪ বৎসর চাকুরী করিয়াও কলেজের গ্রন্থাগারিক পদোন্নতি পায় না। এই ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করিয়া প্রয়োজনীয় পদক্ষেপ লইবার অনুরোধ জানাইতেছি।

—মোঃ আবদুল হামিদ, গ্রন্থাগারিক, কুড়িগ্রাম সরকারী কলেজ, কুড়িগ্রাম।